

৫. নানা রুচির সাধারণ পাঠককে স্বল্পমূল্যে বই নামক সাংস্কৃতিক পণ্য সরবরাহ করাই ছিল বটতলা সংস্কৃতির মুখ্য উদ্দেশ্য। এ বিষয়ে তোমার মন্তব্যসহ আলোচনা করো। ১০
৬. মুদ্রণ প্রযুক্তির দৌলতে বাংলা সাহিত্যে নতুন অনেক ধারায় জোয়ার এল, তেমনি একইসঙ্গে অনেক প্রাগাধুনিক ধারা শুকিয়েও গেল— মন্তব্যটি বিচার করো। ১০
৭. বাঙালি ভদ্রলোকের সাংস্কৃতিক আত্মপরিচয় নির্মাণে মুদ্রণ-প্রযুক্তির ভূমিকা বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১০
৮. 'ছাপা বই' ও হাতে লেখা 'পুথি'— সাংস্কৃতিক পণ্য হিসেবে বৈশিষ্ট্য সামর্থ্য ও সীমাবদ্ধতা আলোচনা করো। এই সূত্রেই এদের সামাজিক গুরুত্ব ও পার্থক্য বুঝিয়ে দাও। ১০
৯. বাংলার সাংস্কৃতিক ইতিহাসে সংবাদ-সাময়িক পত্রের প্রকাশের গুরুত্ব ঠিক কী বলে তোমার মনে হয়। যুক্তি দিয়ে তোমার মত প্রতিষ্ঠা করো। ১০
১০. বাংলা আধুনিক সাহিত্য মধ্যযুগের সাহিত্যের ধারাবাহিকতায় পাওয়া উত্তরসূরী নয়। এ মন্তব্য কি তুমি মানবে? তোমার মত যুক্তি দিয়ে প্রতিষ্ঠা করো। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

উনিশ শতকের সাহিত্য ও প্রকাশনা বিভিন্ন মডেল

কোর্স পি. জি. - ৪.৫৪

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. মুদ্রণ-প্রযুক্তি বাংলা বর্ণমালা সংস্কারে কী ভূমিকা নিয়েছিল আলোচনা করো। ১০
২. বটতলার ছবি বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১০
৩. বটতলার সাহিত্য ঘিরে শ্লীল-অশ্লীল বিষয়ক যে বিতর্ক প্রচলিত তার পরিচয় দাও। ১০
৪. আমাদের ইতিহাসে আধুনিকতার সঙ্গে মুদ্রণ প্রযুক্তির এক অনন্য সম্পর্ক তৈরি হয়েছিল—আলোচনা করো। ১০

(Turn over)